



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/১০(১)/৫/৪৯৬

তারিখ : ২৮ নভেম্বর, ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এ পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী টেকনিক্যাল অফিসার এর ০১(এক)টি পদে লোক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

বেতন স্কেল : ১৬০০০-৩৮৬৪০/= (গ্রেড : ১০)

আবেদনের শেষ তারিখ : ১৮ ডিসেম্বর, ২০২৪

আবেদনের প্রক্রিয়া:

প্রার্থীকে career.sust.edu তে প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করে প্রথমে প্রোফাইল তৈরি করে অবশ্যই অনলাইনে আবেদন করতে হবে। অফলাইনে/সরাসরি আবেদন গ্রহণযোগ্য নয়। অনলাইনে আবেদনের সময় যেসব বিষয় আপলোড করতে হবে :

- (ক) সকল সনদপত্র/প্রশংসাপত্রের স্ক্যান করা পিডিএফ কপি (খ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (৩০০/৩০০ পিক্সেল) (গ) চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র (ঘ) নির্ধারিত ৫০০/= (পাঁচশত) টাকা ফি (সব ধরনের চার্জ ব্যতিত) অনলাইনে আবেদনের সময় পরিশোধ করতে হবে (ঙ) জাতীয় পরিচয়পত্রের স্ক্যান করা পিডিএফ কপি কিংবা জাতীয় পরিচয়পত্র না থাকলে জন্মনিবন্ধন সনদের স্ক্যান করা পিডিএফ কপি (চ) প্রার্থীর স্বাক্ষর (৩০০/৮০ পিক্সেল) (ছ) প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার প্রমাণপত্র।

যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত:

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.sust.edu](http://www.sust.edu) থেকে ডাউনলোড করা যাবে অথবা career.sust.edu এ 'বিস্তারিত দেখুন' অপশনের নিচের অংশে 'প্রকাশিত বিজ্ঞপ্তি' তে পাওয়া যাবে। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরখাস্ত বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

আভ্যন্তরীণ প্রার্থীর ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

সৈয়দ ছলিল মোহাম্মদ আব্দুল কাদির  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)



শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজিঃ/১০(১)/৫/৪২/৫

তারিখ : ২৮ নভেম্বর, ২০২৪

যোগ্যতা ও অভিজ্ঞতা


প্রার্থীর পদার্থ বিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে ৪(চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে।

অথবা

প্রার্থীর পদার্থ বিজ্ঞান/ ফলিত পদার্থ বিজ্ঞান বিষয়ে স্নাতক ডিগ্রিসহ এ বিশ্ববিদ্যালয়ে সিনিয়র এ্যাসিস্টেন্ট টেকনিক্যাল/সমমানের পদে (জাতীয় বেতন স্কেলের ১১নং গ্রেডভুক্ত) ন্যূনতম ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ এ বিশ্ববিদ্যালয়ে সর্বমোট ১০(দশ) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।

শিক্ষা জীবনে কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণি/সমমানের গ্রেড গ্রহণযোগ্য নয়।

বয়স : সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর।

  
সৈয়দ ছলিম মোহাম্মদ আব্দুল কাদির  
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

